অধ্যক্ষের কার্যালয়

# চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।

বিজ্ঞপ্তি নং- ৮০ তারিখ: ১০/০৬/২০২৪ খ্রি.

ছাত্র-ছাত্রী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২২ সালের ডিগ্রি (পাস) ৩য় বর্ষ নিয়মিত,অনিয়মিত,প্রাইভেট, অকৃতকার্য, মানোন্নয়ন ও সার্টিফিকেট কোর্স পরীক্ষার্থীদের ফরম পূরণের তারিখ, ফিসের হিসাব ও অন্যান্য নিয়মাবলি নিম্নে দেয়া হলো। ফরম পূরণ সংক্রান্ত কার্যক্রম অনলাইনের মাধ্যমে সম্পন্ন করা হবে।

| কোর্সের নাম | পরীক্ষার ফিসের বিবরণ | টাকা | সেশন ফি টাকা (যারা সেশন ফি পরিশোধ করেনি) | সর্বমোট টাকা |
|---|---|---|---|---|
| বিএ/বিএসএস/ বিবিএস(পাস) | নিয়মিত/ অনিয়মিত (ব্যবহারিক ছাড়া) | ২১০০/- | ১৯৯৫/- | ৪০৯৫/- |
| | নিয়মিত/ অনিয়মিত (ব্যবহারিক ভূগোলসহ) | ২৪০০/- | ২১১৫/- | ৪৫১৫/- |
| বি এসসি (পাস) | নিয়মিত/ অনিয়মিত | ৩০০০/- | ২১১৫/- | ৫১১৫/- |
| বিএ/বিএসএস/ বিবিএস(পাস) | প্রাইভেট (সকলপত্র) | ২৩০০/- | অনলাইনে আবেদন ফরম পূরণের তারিখ: ১০/০৬/২০২৪ তারিখ হতে ৩০/০৬/২০২৪ তারিখ পর্যন্ত। | |
| | সার্টিফিকেট কোর্স | ১৫০০/- | | |
| | মানোন্নয়ন/অকৃতকার্য ০১ পত্র | ৯০০/- | মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ফি প্রদানের তারিখ: ১২/০৬/২০২৪ তারিখ হতে ৩০/০৬/২০২৪ তারিখ পর্যন্ত। | |
| | মানোন্নয়ন/ অকৃতকার্য ০২ পত্র | ১০০০/- | | |
| | মানোন্নয়ন/ অকৃতকার্য ০৩ পত্র | ১১০০/- | কলেজ অফিসে ফরম জমা দেওয়ার তারিখ: ০১/০৭/২০২৪ তারিখ হতে ০৪/০৭/২০২৪ তারিখ পর্যন্ত। | |
| | মানোন্নয়ন/অকৃতকার্য ০৪ পত্র | ১২০০/- | | |
| | মানোন্নয়ন/অকৃতকার্য ০৫ পত্র | ১৩০০/- | | |

বি.দ্র.: ২য় বর্ষ থেকে ৩য় বর্ষে **Conditional Promoted** প্রাপ্ত শিক্ষার্থীদের ক্ষেত্রে ফরমপূরণের ফি এর সঙ্গে বিশেষ অন্তর্ভুক্তি ফি-১০০০/- (এক হাজার) টাকা অতিরিক্ত পেমেন্ট করতে হবে। তাছাড়াও ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের মধ্যে যারা এক বা একাধিক পত্রে অকৃতকার্য হয়েছে তাদের ফরমপূরণ ফি ৫৫০০/- টাকা এবং ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের মধ্যে যারা ইতিপূর্বে ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি তাদের ফরমপূরণ ফি ৬৫০০/- টাকা।

১। ফরমপূরণের নিয়মাবলী : ২০২২ সালের ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট কোর্স-৩য় বর্ষ পরীক্ষার ফরমপূরণ সংক্রান্ত কার্যক্রম অনলাইনের মাধ্যমে সম্পন্ন করা হবে বিধায় পরীক্ষার্থী নিজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nubd.info/formfillup) এ প্রবেশ করে যথাযথভাবে রেজিস্ট্রেশন নম্বর ও সঠিক বিষয় কোড এন্ট্রি করে আগামী ১০/০৬/২০২৪ তারিখ হতে ৩০/০৬/২০২৪ তারিখের মধ্যে আবেদন ফরম ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে। বিষয় কোডের গড়মিলের কারণে পরীক্ষা সংক্রান্ত জটিলতার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না। **উল্লেখ্য যে, অর্থনীতি বিষয়ের ক্ষেত্রে বিকল্প পত্র কোড ১৩২২০৩ এবং ইসলামিক স্টাডিজ বিষয়ের ক্ষেত্রে পত্র কোড ১৩১৮০৩-এ ফরমপূরণ করতে হবে।**

২। মানোন্নয়ন/অকৃতকার্য বিষয়ে ফরম পূরণের ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট হতে ফরম উত্তোলনের পর কলেজ এর ভর্তি বিষয়ক ওয়েবসাইট https://chandpurcollege.eshiksaems.com/ এ প্রবেশ করে **ID: cgcstudent, Password: cgcstudent** দিয়ে লগইন করে **Improvement Form Fill-up**–এ ক্লিক করে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে **View Charge and Course Detail** –এ ক্লিক করে যে সকল পত্রকোড সমূহে পরীক্ষা দিতে ইচ্ছুক সেই বিষয় গুলো সিলেক্ট করে সাবমিট করলে বিকাশ বা নগদ অ্যাপস এর মাধ্যমে ফি জমা দিতে পারবে।

৩। ফি জমাদানের নিয়মাবলী : নিয়মিত ও অনিয়মিত সকল বিষয়ের পরীক্ষার্থী এবং ২০২১ সালের ডিগ্রি পাস -৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে যারা **Not Promoted** হয়ে ২০২২ সালের পরীক্ষায় আংশিক বিষয়ে অংশগ্রহণ করবে এবং যারা মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করবে তারা বিকাশ/নগদ/উপায় অ্যাপস্-এ প্রবেশ করে পে-বিল/এডুকেশন ফি অপশনে চাঁদপুর সরকারি কলেজ নির্বাচন করতে হবে। অতঃপর **Student ID** এর স্থলে পরীক্ষার্থী নিজের রেজিস্ট্রেশন নম্বর লিখে **Month- June-24 Select** করে পরীক্ষার ফিসের মোট টাকা সার্ভিস চার্জসহ (স্বয়ংক্রিয়ভাবে কাটা যাবে) নিশ্চিত হয়ে আগামী ১২/০৬/২০২৪ তারিখ হতে ৩০/০৬/২০২৪ তারিখের মধ্যে **Payment** সম্পন্ন করে পরীক্ষার আবেদন ফরম ও ফি জমাদানের রশিদ কলেজ অফিসে জমা দিয়ে **Student's Copy** সংগ্রহ করতে হবে। বর্ণিত তারিখের পর মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ফি প্রদান করা হলে তা গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য যে, পরীক্ষার আবেদন ফরমের **Student's Copy** ভবিষ্যৎ প্রয়োজনে পরীক্ষার্থীকে নিজ দায়িত্বে সংরক্ষণ করতে হবে।

৪। পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী: (i) নিয়মিত পরীক্ষার্থীদের জন্য: জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী ও ২০২০ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী ২০২১ সালের ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট কোর্স-৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে **Promoted** (উত্তীর্ণ) হয়েছে সে সকল শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(ii) উপরোক্ত শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ৩য় বর্ষে "ইংরেজি" আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

(iii) এ সকল শিক্ষার্থীদেরকে ব্যবহারিক সম্বলিত বিষয়ের ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

(খ) অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য: (i) ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮ ও ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৭,২০১৮ ও ২০১৯ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৮,২০১৯,২০২০ ও ২০২১ সালের ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ (**Promoted**) হয়েছে কিন্তু ২০১৯,২০২০ ও ২০২১ সালের ৩য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা এ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

(ii) উপরোক্ত শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ৩য় বর্ষে "ইংরেজি" আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

(iii) ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮ ও ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৭,২০১৮ ও ২০১৯ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৯,২০২০ ও ২০২১ সালের ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করে কোনো কোর্সে/পত্রে Fগ্রেড পেয়েছে তারা Fগ্রেড প্রাপ্ত কোর্সে/পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করবে।

(গ) মানোন্নয়ন পরীক্ষার্থীদের জন্য: ২০২১ সালের ডিগ্রি (পাস) সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের চূড়ান্ত পরীক্ষায় ফলাফল প্রকাশের পর **CGPA 2.25** বা এর কম প্রাপ্ত শিক্ষার্থীরা পূর্বে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করে নাই ৩য় বর্ষের এমন সর্বোচ্চ দু'টি কোর্সে (C এবং D গ্রেড প্রাপ্ত) পরীক্ষা দিতে পারবে। ব্যবহারিক পরীক্ষায় মানোন্নয়নের সুযোগ নেই।

২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে শিক্ষার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী: এক বা একাধিক কোর্সে অকৃতকার্য ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের এবং ২০১৬ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হওয়ায় পরীক্ষায় অংশগ্রহণ করতে পারে নাই তারা বিশেষ ফি প্রদান সাপেক্ষে বিশেষ বিবেচনায় ২০২২ সালের ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ব্যবহারিক পরীক্ষায় গ্রেড উন্নয়নের কোন সুযোগ নাই।

(ঘ) সার্টিফিকেট কোর্স পরীক্ষা: ২০১৭, ২০১৮,২০১৯ ও ২০২০ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থীরা সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের নির্ধারিত ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

সিলেবাস : ২০২২ সালের ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট কোর্স-৩য় বর্ষ পরীক্ষা জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর নতুন সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে।

ফলাফল : এ পরীক্ষার ফলাফল গ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হবে।

১০/০৬/২০২৪
অধ্যক্ষ
চাঁদপুর সরকারি কলেজ
চাঁদপুর।

১। উপাধ্যক্ষ, চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।
২। কলেজ ওয়েব সাইট: www.chandpurcollege.edu.bd
৩। অফিস নথি।

১০/৬/২০২৪